

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৭৭

১/ বিবিধ

আরবী

آخر من يدخل الجنة رجل من جهينة يقال له: جهينة، فيسأله أهل الجنة: هل بقي أحد يعذب؟ فيقول: لا، فيقولون: عند جهينة الخبر اليقين
موضوع

رواه محمد بن المظفر في " غرائب مالك " (2 / 76) والدارقطني في " الغرائب " من طريق جامع بن سودة حدثنا زهير بن عباد: حدثنا أحمد بن الحسين اللهبى حدثنا عبد الملك بن الحكم حدثنا مالك عن نافع عن ابن عمر رفعه، قال الدارقطني: هذا الحديث باطل، وجامع ضعيف وكذا عبد الملك قلت: كذا ذكره السيوطي في " نيل الموضوعات " من طريق الدارقطني، وتبعه ابن عراق (2 / 399) ومع هذا فقد أورده السيوطي في " الجامع الصغير " أيضا! من رواية الخطيب في " رواة مالك " عن ابن عمر، ولا فائدة من المغايرة في التخريج لأن طريق الخطيب هي طريق الدارقطني كما بينه الشارح المناوي ومن الغرائب أن العجلوني أورد هذا الحديث في " كشف الخفاء " (15 / 1) ثم لم يبين حاله

বাংলা

৩৭৭। জুহাইনা গোত্রের এক ব্যক্তি সব শেষে জান্নাতে প্রবেশ করবে। তাকে বলা হবে: জুহাইনা। অতঃপর তাকে জান্নাতীরা জিজ্ঞাসা করবে: আর কেউ কী অবশিষ্ট রয়েছে যাকে শাস্তি দেয়া হচ্ছে? সে (উত্তরে) বলবে: না। অতঃপর তারা (জান্নাতীরা) বলবে: জুহাইনার নিকট সত্য সংবাদ।

হাদীসটি জাল।

এটি মুহাম্মাদ ইবনু মুজাফফার “গারায়েবে মালেক” গ্রন্থে (২/৭৬) এবং দারাকুতনী “আল-গারায়েব” গ্রন্থে জামি’ ইবনু সাওয়াদা সূত্রে ... বর্ণনা করেছেন।

দারাকুতনী বলেনঃ হাদীসটি বাতিল, জামি দুর্বল। আরেক বর্ণনাকারী আব্দুল মালেক ইবনুল হাকামও অনুরূপ।

আমি (আলবানী) বলছিঃ সুযূতী “যায়লুল মাওয়ুআহ” গ্রন্থে দারাকুতনী সূত্রে হাদীসটি উল্লেখ করেছেন। ইবনু আররাকও তার অনুসরণ (২/৩৯৯) করেছেন। তা সত্ত্বেও সুযূতী “জামেউস সাগীর” গ্রন্থে আল-খাতীবের বর্ণনা হতে হাদীসটি উল্লেখ করেছেন! অথচ আল-খাতীব এবং দারাকুতনী উভয়ের সূত্র এক।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67962>

📖 হাদিসবিডিৰ প্রজেক্টে অনুদান দিন